

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৭৭

8. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭) ওযু করা এবং তা পরিপূর্ণ করার প্রতি উদ্ধুদ্ধ করণ

الترغيب في الوضوء وإسباغه

আরবী

(صحيح) و عَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ رَسُوْلَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَى الْمَقْبُرَةَ فَقَالَ السَّلَامُ عَلَيْكُمْ دَارَ قَوْمٍ مُوْمِنِينَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ بِكُمْ لَاحِقُونَ وَدِدْتُ أَنَّا قَدْ رَأَيْنَا إِخْوَانَنَا وَالسَّلَامُ عَلَيْكُمْ دَارَ قَوْمٍ مُوْمِنِينَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ بِكُمْ لَاحِقُونَ وَدِدْتُ أَنَّا قَدْ رَأَيْنَا إِخْوَانَنَا وَالسَّالِمُ عَلَيْكُمْ دَارَ قَوْمٍ مُوْمِنِينَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّه بِكُمْ لَاحِقُونَ وَدِدْتُ أَنَّا الَّذِينَ لَمْ يَأْتُوا بَعْدُ قَالُوا قَالُوا أَولَسْنَا إِخْوَانَنَا الَّذِينَ لَمْ يَأْتُوا بَعْدُ قَالُوا كَيْفُ لَا مُنْ لَمْ يَأْتِ بَعْدُ مِنْ أُمَّتِكَ يَا رَسُولَ اللَّهِ؟ فَقَالَ أَرَأَيْتَ لَوْ أَنَّ رَجُلاً لَهُ خَيْلُ كَيْفَ تَعْرِفُ مَنْ لَمْ يَأْتِ بَعْدُ مِنْ أُمَّتِكَ يَا رَسُولَ اللَّهِ؟ فَقَالَ أَرَأَيْتَ لَوْ أَنَّ رَجُلاً لَهُ خَيْلُ فَكُنْ مُحَجَّلَةٌ بَيْنَ ظَهْرَيْ خَيْلٍ دُهْمٍ بُهُم أَلَا يَعْرِفُ خَيْلَهُ قَالُوا بَلَى يَا رَسُولَ اللَّهِ قَالَ فَإِنَّهُمْ غَنْ مُنْ الْوُضُوءِ وَأَنَا فَرَطُهُمْ عَلَى الْحَوْضِ. رواه مسلم وغيره يَأْتُونَ غُرَّا مُحَجَّلِينَ مِنْ الْوُضُوءِ وَأَنَا فَرَطُهُمْ عَلَى الْحَوْضِ. رواه مسلم وغيره

বাংলা

১৭৭. (সহীহ) আবু হুরায়রা (রাঃ) হতে আরো বর্ণিত। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা কবরস্থানে এলেন, অতঃপর বললেনঃ السَّلامُ عَلَيْكُمْ دَارَ قَوْمٍ مُوَّمِنِينَ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ بِكُمْ لَاحِقُونَ (আস-সালামু আলাইকুম দারা কওমিন নু'মিনীনা অইনা- ইনশা- আল্লাহ বিকুম লা-হিকুন) হে কবরবাসী মুমিন কওম! তোমাদের উপর সালাম-শান্তি নাযিল হোক। আল্লাহ চাহে তো অচিরেই আমরা তোমাদের সাথে মিলিত হব।" আমার হৃদয়ের একান্ত ইচ্ছে, আমরা যদি আমাদের ভাইদেরকে দেখতে পেতাম!

তাঁরা (সাহাবীগণ) বললেনঃ আমরা কি আপনার ভাই নই হে আল্লাহর রাসূল?
তিনি বললেনঃ "তোমরা আমার সাহাবী তথা সাথী। আমাদের ভাই যারা তারা এখনও আসেনি।"
তাঁরা বললেনঃ আপনার উম্মতের মধ্যে যারা এখনও আসেনি, তাদেরকে আপনি কিভাবে চিনবেন? তিনি
বললেনঃ তুমি কি মনে কর এক ব্যাক্তির কালো মিশমিশে একপাল ঘোড়ার মধ্যে যদি সাদা কপাল ও সাদা পা
বিশিষ্ট একটি ঘোড়া থাকে, তবে উক্ত ঘোড়াটি চিনতে পারবে না?"

তাঁরা বললেনঃ হ্যাঁ, হে আল্লাহর রাসূল।

তিনি বললেনঃ ''তারা (কিয়ামত দিবসে) ওযুর কারণে মুখমণ্ডল ও হাত-পা উজ্জল ও চমকিত অবস্থায় আসবে। আর হাওসে কাওছারে আমি হব তাদের অগ্রগামী।''



(হাদীছটি ইমাম মুসলিম ২৪৯ ও অন্যরা বর্ণনা করেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন